# Report of Research Project

Academic year :2023-24
Department : Bengali
Program name : B.A General
Program code : BNGG
Course name : : Samayik Patra O Katha Sahitya
Course code : LCC-2
Type : Research project
Name of the topic : “Sambad Potrer Ekal O Sekal”
Targeted students : Semester 6 General

**সংবাদপত্রের একাল ও সেকাল**

**Topic Discussion** / বিষয় সম্পর্কে বিস্তারিত বিবরণ:

**সংবাদপত্র** বা **খবরের কাগজ** হল একটি লিখিত প্রকাশনা যার মধ্যে থাকে বর্তমান ঘটনা, তথ্যপূর্ণ নিবন্ধ, সম্পাদকীয়, বিভিন্ন ফিচার এবং বিজ্ঞাপন। এটি সাধারণত সাধারণত স্বল্প-মূল্যের কাগজে মুদ্রণ করা হয় যেমন নিউজপ্রিন্ট। পৃথিবীর আধুনিক বিপ্লব ও সংগ্রামের ইতিহাসে সংবাদপত্রের ভূমিকা অনেক । ২০০৭ অনুযায়ী, বিশ্বব্যাপী দৈনিক খবরের কাগজের সংখ্যা ছিল ৬,৫৮০টি যারা একদিনে প্রায় ৩৯৫ মিলিয়নের বেশি কপি বিক্রি করত। বর্তমানে বেশীরভাগ সংবাদপত্রই তাদের অনলাইন সংস্করণ বের করে থাকে।বর্তমানে বিভিন্ন প্রকার সংবাদপত্র আমাদের চোখে পড়ে, যেমন: দৈনিক পত্রিকা, সাপ্তাহিক পত্রিকা, পাক্ষিক পত্রিকা, বিষয়ভিত্তিক পত্রিকা ইত্যাদি।

ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের আগে এই উপমহাদেশে সংবাদপত্র প্রকাশের কোনো ঐতিহাসিক প্রমাণ মেলে না। ১৭৮০ সালে জেমস অগাস্টাস হিকি স্থানীয় ইংরেজদের জন্য বেঙ্গল গেজেট বা ক্যালকাটা জেনারেল অ্যাডভার্টাইজার নামে দুই পাতার একটি সাপ্তাহিক প্রকাশ করেন। কিন্তু ওয়ারেন হেস্টিংস, তার পত্নী ও ইংরেজ বিচারকদের সম্পর্কে সমালোচনামূলক প্রতিবেদন প্রকাশের দরুন এটিও দ্রুত বাজেয়াপ্ত হয়।১৮১৮ সালের গোড়ার দিকে রাজা রামমোহন রায়ের সহায়তায় শিক্ষক ও সংস্কারক গঙ্গা কিশোর ভট্টাচার্য প্রথম বাংলা সাপ্তাহিক বেঙ্গল গেজেট প্রকাশ করেন। অতঃপর ১৮১৮ সালের এপ্রিল মাসে ব্যাপ্টিস্ট মিশনারিদের উদ্যোগে শ্রীরামপুর থেকে বাংলা মাসিক পত্রিকা দিগদর্শন প্রকাশিত হয়। ১৮১৮ সালের ২৩ মে বেঙ্গল গেজেট' প্রকাশের এক সপ্তাহ পর সমাচার দর্পণ প্রকাশিত হয়।

রাজা রামমোহন রায় বাংলা সংবাদ কৌমুদী, ইংরেজি ব্রাহ্মিনিক্যাল ম্যাগাজিন ও ফার্সিতে মিরাত-উল-আকবর প্রকাশ করেন এবং তার নেতৃত্বে ভারতীয় ও ইউরোপীয় সম্পাদকদের ঐক্যবদ্ধ চাপে লর্ড উইলিয়ম বেন্টিঙ্ক বিদ্যমান সংবাদপত্র আইন শিথিল করতে বাধ্য হন। ১৮৫৮ সালে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা সাপ্তাহিক সোমপ্রকাশ প্রকাশ করেন। ১৮৫৯ সালে ঢাকায় বাংলাযন্ত্র নামে প্রথম বাংলা মুদ্রণালয় প্রতিষ্ঠিত হয়, যেখান থেকে ১৮৬১ সালে ঢাকা প্রকাশ প্রকাশিত হয়। এ বছরেই দি জন বুল ইন দি ইস্ট (পরবর্তী নামকরণ দি ইংলিশম্যান) ইউরোপীয়দের ও ভারতে নীলকরদের শক্তিশালী মুখপত্র হয়ে ওঠে। ১৮৬৫ সালে এলাহাবাদ থেকে প্রকাশিত পাইওনিয়র পূর্ণাঙ্গ সংবাদ পরিবেশনের জন্য খ্যাতি অর্জন করে। ১৮৬৮ সালে ঘোষ ভ্রাতৃগণ (শিশির কুমার ঘোষ ও মতিলাল ঘোষ) যশোরের ক্ষুদ্র গ্রাম ফুলুয়া-মাগুরা থেকে বাংলা সাপ্তাহিক অমৃত বাজার পত্রিকা প্রকাশ করেন (পরবর্তীকালে কলকাতায় স্থানান্তরিত)। ১৮৮১ সালে যোগেন্দ্র নাথ বসু বঙ্গবাসী প্রকাশ করেন। ১৮৭২ সালে প্রকাশিত বাংলা নীল দর্পণ নাটক ইউরোপীয় নীলচাষীদের নির্মম অত্যাচারের চিত্র তুলে ধরলে সরকারি মহলে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয় এবং ফলত সরকার ১৮৭৬ সালে নীলকরদের স্বার্থরক্ষার উদ্দেশ্যে অভিনয় নিয়ন্ত্রণ আইন পাস করে। অমৃত বাজার পত্রিকা (যশোর) সহ আরও কতিপয় স্থানীয় পত্রিকা নীলচাষীদের পক্ষাবলম্বন করে।

১৯২০ সালে গান্ধীজীর ব্রিটিশদের বিরুদ্ধে আন্দোলন শুরু হওয়ার সময় থেকে দেশীয় ভাষায় সংবাদপত্র প্রকাশ হওয়া শুরু, আনন্দবাজার ও দৈনিক বসুমতী। ক্রমে বৃদ্ধি পেতে শুরু করে পাঠকের সংখ্যা। সেই সময় বেতার বা টেলিভিশন অস্তিত্বহীন, সুতরাং সঠিক সংবাদের জন্য দেশের সাধারন মানুষ নির্ভরশীল ছিল সংবাদপত্রের ওপর। দৈনিক সংবাদ ছাড়াও প্রকাশিত হতে শুরু করে নানা তথ্যমূলক রচনা ও সম্পাদকীয় প্রবন্ধ। দেশীয় সংবাদের পাশাপাশি গুরুত্ব বৃদ্ধি পেতে শুরু করে আন্তর্জাতিক সংবাদের। সংবাদ ব্যতীত খেলার খবর, বাণিজ্য দ্রব্য, বিনোদন জগতের সংবাদও ক্রমশ সংবাদপত্রে স্থান পেতে শুরু করে। বর্তমানে স্বচক্ষে অনেকে ঘটনা দেখার পরও প্রতিক্রিয়া জানার জন্য অনেকেই সংগ্রহ করেন খবরের কাগজ। বর্তমানের খবরের কাগজ মানেই বিভিন্ন ঘটনার সমাবেশ। বিভিন্ন ধর্মীয় বিষয়, নববর্ষ, স্বাধীনতা দিবস ইত্যাদি নিয়ে প্রকাশিত হচ্ছে বৃহদাকারে বিশেষ সংখ্যা, নিয়মিত সংখ্যাতেও যোগ হচ্ছে চিকিৎসা এবং আইন সংক্রান্ত রচনা, ছাত্রদের জন্য পরীক্ষার প্রশ্ন-উত্তর নিয়ে বিশেষ পৃষ্ঠা। বাজার দর, ব্যবসা বাণিজ্য নিয়ে নানা তথ্য, শেয়ার বাজারের মূল্যসূচি সবই স্থান পায় খবরের কাগজের পৃষ্ঠায়। প্রায় সকল দেশেই সংবাদ ও সংবাদ-সংগ্রহ একটি বড়ো বৃত্তি। দেশের জনমত গঠনে সংবাদপত্রের ভূমিকা অনস্বীকার্য।

**Outcome of the project** :

সংবাদপত্র সমাজের অন্যতম এক দর্পণ। যার মধ্যে সমাজের বাস্তব জীবন যাপন প্রতিবিম্বিত হয়। একটি গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় সংবাদপত্রের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভারত বর্ষ তথা বাংলার সমাজ ব্যবস্থায় বিভিন্ন ভাষায় সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। এখানে আলোচিত যে বিষয় তা ছাত্র-ছাত্রীদের সমাজ এবং সংবাদপত্রের ভূমিকা সম্পর্কে সম্যক ধারণা দিতে পেরেছে।

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372